

শিক্ষার্থীদের উদ্দেশে রাষ্ট্রপতি মানুষের অর্থনৈতিক মুক্তি অর্জনে কাজ করতে হবে

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী ▶

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ জনগণের অর্থনৈতিক মুক্তি অর্জনে সহায়তার জন্য শিক্ষার্থীদের মধ্যে নাগরিক হিসেবে গড়ে তুলতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন। শিক্ষার্থীদের উদ্দেশে তিনি বলেন, 'বসবস্তু সব সময় একটি সুন্দর ও স্নেহ সেন্সর বাংলাদেশ দেখতে চেয়েছিলেন, তোমরা তাঁর সেই স্বপ্ন বাস্তবায়নে সক্রিয় অবদান রাখবে। আমরা ১৯৭১ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে স্বাধীনতা অর্জন করলেও এখন পর্যন্ত সাধারণ মানুষের অর্থনৈতিক মুক্তি পুরোপুরি অর্জন করতে পারিনি। তোমাদের সেই লক্ষ্য অর্জনে কাজ করতে হবে।'

গতকাল পরিবার দুপুরে রাজশাহীর বাগমারা উপজেলার ডাবলিগঞ্জ সরকারি হালক উচ্চ বিদ্যালয়ে প্রাথমিক সনাপনী পরীক্ষায় ট্যালেন্টপুল বৃত্তিপ্রাপ্ত এবং ২০১৩ সালে জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে রাষ্ট্রপতি এসব কথা বলেন। একই অনুষ্ঠানে ১০ তমী ব্যক্তি ও প্রতিষ্ঠানের সংবর্ধনা দেওয়া হয়।

সংবর্ধনা পাওয়া শিক্ষার্থীদের উদ্দেশে রাষ্ট্রপতি বলেন, 'সত্যতা আপনা আপনি আসে না, শ্রম ও মেধা কাজে লাগিয়ে কঠোর অধ্যবসায়ের মাধ্যমে তা অর্জন করতে হয়। আজকের কৃতিত্ব ছবিঘাতে তোমাদের আরো সাফল্য অর্জনে উৎসাহিত করবে।' তিনি বলেন, 'আজকের শিক্ষার্থীরা আগামী দিনের জাতির ভবিষ্যৎ। আগামী দিনে তাদেরই রাষ্ট্রের পরিচয় নিতে হবে। মুক্তিযুদ্ধের চেতনায় তাদের গড়ে তুলতে হবে। তাহলেই দেশপ্রেমিক নাগরিক হিসেবে গড়ে উঠবে।'

সংবর্ধনা অনুষ্ঠানে মাগেহা ইমরত ফাউন্ডেশনের পক্ষ থেকে জুনিয়র স্কুল সার্টিফিকেট ও প্রাথমিক সনাপনী পরীক্ষায় কৃতী শিক্ষার্থীদের হাতে দায়নদা স্মারক হিসেবে চ্রেই টুয়ে দেস রাষ্ট্রপতি। এ ছাড়া বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য সংবর্ধনা পাওয়া ১০ তমী ব্যক্তি ও প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে হাফেজা ডা. গেলবিন চন্দ্র মাহা, কৃষিতে ব্রজেন কুমার প্রমাণিক, বনায়নে মোহা. আশরাফ হোসেন, মুক্তিযুদ্ধে মুকুল ইসলাম (মরণোত্তর), সংকুচিত শিল্পী এম.এ. হালেক, নারী শিক্ষায় শির্সী আখতার, শিক্ষায় আব্দুল জলিল (মরণোত্তর), রাজনৈতিক ব্যক্তিত্ব বাসু রায়াল চন্দ্র দাস (মরণোত্তর), পলি. শুল্কায় বাগমারা খান এবং বসিষ্ঠ সেননীতে বাগমারা প্রেসক্লাব। সংবর্ধিতদের প্রত্যেকের জন্য চ্রেই ও ২০ হাজার টাকার চেক প্রদান করা হয়। প্রায় ব্যক্তির পক্ষে তাদের নিকটাত্মীয়রা পুরস্কার গ্রহণ করেন।

হানীফ সংসদ সদস্য এনামুল হকের সভাপতিত্বে এবং বাগমারা উপজেলা আওয়ামী লীগের দুঃ সনাপনক মহবুবুর রহমানের পরিচালনায় অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী ও রাজশাহী-৫ (কাফা-চারখাট) আসনের সংসদ সদস্য শাহরিয়ার আলম, আওয়ামী লীগের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও রাষ্ট্রপতির সাবেক মেয়র ও এইচ এম খাদেমুল্লাহ সিন্ধু, জেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি ও সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য আখতার জাহান প্রমুখ।

সংবর্ধনা অনুষ্ঠানের পর রাষ্ট্রপতি বসবস্তু খুঁটি জাদুঘর কমপ্লেক্স ও মাগেহা ইমরত মেডিক্যাল সেন্টার পরিদর্শন করেন। এর আগে দুপুর ১২টার দিকে রাষ্ট্রপতি আবদুল হামিদ হেলিকপ্টার বাগমারায় অবতরণ করেন।



রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ গতকাল রাজশাহীর বাগমারায় জেএসসি পর্যায়ে জিপিএ ৫ এবং পিএসসিতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে সনদ প্রদান করেন।

ছবি: পিআইটি